দৈনিক বাংলা

তারিখ ... 07 DEC 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫

136

# ঢাকা বিশ্ববিদ্যালয় কাল খুলছে

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আগামীকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। গত ২৭শে নবেম্বর জরুরী অবস্থা ঘোষণার পর বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়েছিল।

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি ইতিমধ্যেই খুলে দেয়া হয়েছে। ছাত্র-ছাত্রীরা হলে ফিরতে শুরু করেছে।

## পরীক্ষা স্থগিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোর্স ও সনাতন পদ্ধতিতে বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠানের যে সময়সূচী ঘোষণা করা হয়েছিল তা অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। এই সকল পরীক্ষার পরিবর্তিত তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে।

## প্রকৌশল ভার্সিটি

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম আগামীকাল শনিবার পুনরায় শুরু হবে। হলসমূহ ইতমধ্যেই ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ শাহজাহান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে শিক্ষকদের তাঁদের পদত্যাগপত্র প্রত্যাহার করে নেয়ার অনুরোধ জানানোহয়েছে।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম আগামী রোববার পুনরায় শুরু হবে। আগামীকাল শনিবার বিকালে হলসমূহ ছাত্র-ছাত্রীদের জন্য খুলে দেয়াহবে।

গতকাল বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এতে সভাপতিত্ব করেন ভিসি প্রফেসর কাজী সালেহ আহমেদ।

সভায় শিক্ষা প্রতিষ্ঠান (শান্তি-শৃংখলা) অধ্যাদেশ ১৯৯০ অবিলম্বে বাতিলের দাবী জানানো হয়।

চলমান গণতান্ত্রিক আন্দোলনে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে সভার শুরুতে একটি শোক প্রস্তাব গৃহীত হয়।

## শিক্ষক সমিতি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সর্বদলীয় ছাত্রঐক্যের আহ্বানে পদত্যাগকারী শিক্ষকদের অবিলম্বে পদত্যাগপত্র প্রত্যাহার করে নিজ নিজ কাজে ফিরে যাওয়ার আহবান জানিয়েছেন।

গতকাল সমিতির সভাপতি প্রফেসর মেজবাহ-উস-সালেহীনের সভাপতিত্বে শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির এক সভায় এই আহ্বান জানানো হয়।

## রাজশাহী ভার্সিটি

রাজশাহী থেকে ইউএনবি জানায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস আগামী ৯ই ডিসেম্বর রোববার থেকে পুনরায় শুরু হবে বলে কর্মকর্তারা জানান।

গতকাল সন্ধ্যায় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক আমানুল্লাহ আহমদের সভাপতিত্বে সিন্ডিকেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

সিন্ডিকেট ছাত্র-ছাত্রীদের প্রতি অবিলম্বে আবাসিক হলগুলোতে ফিরে আসার আহবান জানান।

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজ

চট্টগ্রাম থেকে বাসস জানায়, আগামী ১০ই ডিসেম্বর চট্টগ্রাম মেডিক্যাল কলেজের সমস্ত ক্লাস শুরু হবে।

কলেজের একাডেমিক পরিষদ গতকাল এক বৈঠকে পুনরায় কলেজ খোলার সিদ্ধান্ত গ্রহণ করেন।

## কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহে কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বৃহস্পতিবার সিদ্ধান্ত নিয়েছেন, আগামী ১০ই ডিসেম্বর বিশ্ববিদ্যালয় আবার খুলবে। কৃষি বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ ইতিমধ্যে খুলেছে। বিশ্ববিদ্যালয়ের সূত্রের বরাত দিয়ে বাসসর খবরে একথা বলা হয়েছে।